তারিখ 21 JUL 2016
পৃষ্ঠা ৫ কলাম ৪

সংবাদ

# নান্দাইলে ১৩ হাজারে স্কুল ভবন বিক্রি

প্রতিনিধি, নান্দাইল (ময়মনসিংহ)

ময়মনসিংহের নান্দাইল উপজেলার মুগুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি অব্যবহৃত ৩ রুম (দুতলার সিড়িসহ) পাকা ভবন মাত্র ১৩ হাজার ৫০০ টাকায় নিলামে বিক্রি করা হয়েছে। জানা গেছে মুগুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরকারি ভাবে ২০01 সালে এই পাকা ভবনটি নির্মাণ করা হয়। সাম্প্রতিক কালে ভবনটি অব্যবহৃত অবস্থায় পড়ে থাকায় উপজেলা শিক্ষা বিভাগ এই ভবনটি নিলাম ডাকের ব্যবস্থা করেন। বিদ্যালয়ের সভাপতি মো. আব্দুল কাদির নিলামের বিষয়টি স্থানীয়ভাবে প্রচার-প্রচারণা না করে উপজেলা পরিষদে নাম মাত্র ৩ জন ডাককারী দেখিয়ে একটি পাকা ভবন উল্লিখিত টাকায় বিক্রি করে। স্থানীয় আওয়ামী লীগ নেতা মিলন মিয়া ভবনটি নিলাম ডেকে নেন। উপজেলা শিক্ষা অফিসার আনার কলি নাজনীন জানান, তিনি নিলাম ডাক কমিটির সদস্য সচিব হলেও উপজেলা প্রকৌশল বিভাগ থেকে ভবনের মূল্য নির্ধারণ করা হয়ে থাকে। স্থানীয় অভিভাবকরা অভিযোগ করেন, একটি পাকা ভবনে ইট, রড, দরজা-জানালা এর দাম কত? সরকারি মালামাল এভাবে যদি আত্মসাৎ/অপচয় করা হয় দেশের উন্নয়ন হবে কিভাবে? বিদ্যালয়ের প্রধান শিক্ষক সীমা সরকার জানান, তিনি নিলাম ডাক কমিটির সদস্য হলেও এক্ষেত্রে স্বাক্ষর দেয়া ছাড়া তার কিছু করার নেই।